দৈনিক ইত্তেফাক

তারিখ JUL. 1 8 1999
পৃষ্ঠা ৭ কলাম ৫

26

## মাদ্রাসা শিক্ষা বন্ধের চক্রান্তের প্রতিবাদে জাগপার মিছিল ও সমাবেশ

মাদ্রাসা শিক্ষা বন্ধের চক্রান্ত ও জাতীয় প্রতিরক্ষাকে ভারতীয় করণের ষড়যন্ত্রের প্রতিবাদে নগর জাগপা গত শুক্রবার বাদজুমা বায়তুল মোকাররমের দক্ষিণ গেট হইতে বিক্ষোভ মিছিল বাহির করে। মিছিলে নেতৃত্ব দেন জাগপা সভাপতি শফিউল আলম প্রধান। মিছিল জিরো পয়েন্ট, তোপখানা, প্রেসক্লাব, বিজয়নগর প্রদক্ষিণ শেষে পুরানা পল্টন মোড়ে আয়োজিত সমাবেশে জাগপা সভাপতি বলেন, গণরোষের মুখে খোদ প্রধানমন্ত্রী রাজউকের প্লট বরাদ্দ বাতিল করিতে বাধ্য হইয়াছেন। মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র যে কোন মূল্যে প্রতিহত করা হইবে।

তিনি বলেন, মিগ-২৯ বিমান ও আশোক লেল্যাণ্ড পরিবহনের নামে জাতীয় প্রতিরক্ষাকে ভারতনির্ভর করা হইতেছে। দেশকে হিন্দুস্থান বানানোর চক্রান্ত রুখিয়া দাঁড়ানো হইবে।

এমদাদ উল্লাহ ভূইয়ার সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন মুন্সি সিদ্দিকুর রহমান, আনিসুর রহমান, সর্দার শাজাহান, খন্দকার লুৎফর রহমান, সেলিম চৌধুরী, এম, এ, মান্নান, অধ্যাপক ইকবাল হোসেন প্রধান, মাহফুজুর রহমান মফু, দেওয়ান নাসির উদ্দিন ও খাজা মোহাম্মদ কামেল।

—প্রেস বিজ্ঞপ্তি